# Times Today BD

আলী হায়দার। ঢাকা। 26 April, 2025

কিশোরগঞ্জের ইটনায় পানিতে ডুবে চার বছরের শিশু অদিতির মৃত্যু হয়েছে।শনিবার (২৬ এপ্রিল) দুপুরে ইটনা উপজেলা সদরের দাসপাড়া এলাকার সামনে ধনু নদীতে এ ঘটনা ঘটে।

নিহত অদিতি রাণী দাস (০৪) ইটনা সদর ইউনিয়নের দাসপাড়া গ্রামের বাসিন্দা অবিকল দাসের মেয়ে।

জানা যায়, দুপুরের দিকে বাড়ির সামনে ধনু নদীতে মেয়ে অদিতিকে নিয়ে গোসল করতে যান বাবা অবিকল দাস।গোসল শেষে অদিতিকে বাড়ির দিকে খানিকটা এগিয়ে দিয়ে নৌকা নিয়ে ধান আনতে যান হাওরে যান তিনি।এর কিছুক্ষণ পর শিশু অদিতি আবারও নদীতে একা গোসল করতে গেলে, এক পর্যায়ে অদিতি পানিতে ডুবে যায়।

এদিকে অদিতিকে অনেকক্ষণ যাবৎ দেখতে না পেয়ে স্বজনরা বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করতে থাকেন।তখন এক প্রত্যক্ষদর্শী জানান, অদিতিকে নদীর পাড়ে যেতে দেখেছেন তিনি। পরে তার দেওয়া তথ্যমতে নদীতে গিয়ে খোঁজাখুঁজি করার এক পর্যায়ে নিধু রঞ্জন দাস নামে একজন শিশু অদিতির মরদেহ খুঁজে পান।

ইটনা থানার ডিউটি অফিসার উপ-পরিদর্শক (এস আই) মো. আলমগীর হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, বিষয়টি মাত্র জেনেছি।এ বিষয়ে খোঁজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

কিশোরগঞ্জ মৃত্যু

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:54

URL: https://www.timestodaybd.com/dhaka/2700641484